

মেয়েটি একা

চৈত্রের খাঁ খাঁ দুপুরে
জীবনযুদ্ধে সামিল হতে
মেয়েটি রাজপথে একা।
সঙ্গী তার ভালবাসাকে
এঁটো করে দ'লে চটকে
কাগজের ঢেলার মত
ফেলে দিয়ে চলে গেছে।

সবুজ কাগজে আজ
সম্পর্ক দোল খাচ্ছে।

শরতের নরম মেঘের মত
মেয়েটি এখন
ঈশান কোণের কালবোশেখীর কালোমেঘ।

শঙ্কতি দে

